সংবাদ

তারিখ 20 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নবীনগরে ভুল প্রশ্নে এইচএসসি পরীক্ষা

## ১৬ শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

**প্রতিনিধি, নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া)**

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উচ্চ মাধ্যামিক পরীক্ষায় সরকারি কলেজ কেন্দ্রে ভুল প্রশ্নপত্রে পরীক্ষা দেওয়ায় ১৬ ছাত্রীর ভবিষ্যৎ জীবন অনিশ্চিত হয়ে পরেছে। গত মঙ্গলবার ছাত্রীরা স্থানীয় সংবাদকর্মীদের কাছে তাদের অনিশ্চিত ভবিষ্যৎ জীবনের শংকার কথা জানিয়ে বিষয়টি তুলে ধরে। গত ১৫ মে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নবীনগর সরকারি কলেজ কেন্দ্রে হিসাব বিজ্ঞান (১ম পত্র) বিষয়ের পরীক্ষার হলে ভুল প্রশ্নপত্র দেওয়া হয়।

ওই হলে নবীনগর মহিলা কলেজের ১৬ জন অনিয়মিত ছাত্রী পরীক্ষা দিচ্ছিল। তারা হলেন, ফারজানা অক্তার-৫৭৬০০৭, সালমা বেগম-৫৭৬০০১, তামান্না আক্তার-৫৭৬০১০, রূপালী আক্তার-৫৭৬০০৩, সামিয়া আক্তার-৫৭৬০০০, কোহিনুর বেগম-৫৭৬০০২, হেপী আক্তার-৫৭৬০০৪, রূপালী বেগম-৫৭৬০২৬, খাদিজা চৌধুরী-৫৭৬০০৪, খাদিজা সুল্তানা মার্জিয়া-৫৭৬০১২, মাহমুদা বেগম-৫৭৫৯৯৯, তাহমিনা বেগম-৫৭৬০১৫, মুক্তারানী সূত্রধর-৫৭৬০১১, সাবরিনা আক্তার ছন্দা-৫৭৬০০৬, শারমিন আক্তার-৫৭৬০১৩, সৈয়দা উর্মি বেগম-৫৭৬০১৪।

বোর্ডের সিলেবাজ অনুযায়ী ওই অনিয়মিত ছাত্রীরা ১৫-১৬ সালে প্রশ্নে পরীক্ষা দেওয়ার কথা। কিন্তু ওই হলের কতব্যরত শিক্ষক তাদের ১৪ সালের প্রশ্নপত্র দেন। ছাত্রীরা তাৎক্ষনিক ওই শিক্ষককে ১৪ সালের প্রশ্ন দেওয়া হয়েছে জানালে তিনি এটাই তাদের প্রশ্ন বলে পরীক্ষা দিতে বলেন।

ছাত্রীরা ওই ভুল প্রশ্নেই পরীক্ষা দেন। পরে বিষয়টি প্রকাশ হলে মহিলা কলেজ কর্তৃপক্ষ বিষয়টি সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অবহিত করেন।

এ বিষয়ে নবীনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আলমগীর হোসেন ঘটনার সত্যতা স্বীকার করে বিষয়টি মিডিয়ায় প্রকাশ না করার অনুরোধ জানিয়ে বলেন, এটা ভুল হয়েছে, ওই ছাত্রীদের জীবন যাতে নষ্ট না হয় সেই জন্য আমরা কলেজ কর্তৃপক্ষ বোর্ড কর্তৃপক্ষের সাথে কথা বলেছি। তারা আমাদের আশ্বস্ত করেছেন যে প্রশ্নে পরীক্ষা দিক না কেন মানবিক দিক থেকে বিবেচনা করা হবে। নবীনগর মহিলা কলেজের অধ্যক্ষ কান্তি কুমার ভট্টাচার্য বলেন, আমরা সরকারি কলেজ কর্তৃপক্ষকে জানিয়েছি তারা বিষয়টি সমাধানের আশ্বাস দেন।